গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
সমাজসেবা অধিদফতর
সামাজিক নিরাপত্তা অধিশাখা
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.dss.gov.bd

স্মারক নম্বর: ৪১.০১.০০০০.০০০.২৭.০০৪.২২.৬৮৩ ৬৩৫

তারিখ: ২১ আশ্বিন ১৪৩১ / ০৬ অক্টোবর ২০২৪

বিষয়: ২০২৪-২০২৫ অর্থবছরে বর্ধিত কোটায় প্রতিবন্ধী ভাতার অর্থ G2P পদ্ধতিতে পরিশোধের নিমিত্ত অনলাইন আবেদন গ্রহণ উপকারভোগী নির্বাচন ও ভাতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

সূত্র: সমাজকল্যাণ মন্ত্রণালয়ের স্মারক নম্বর ৪১.০০.০০০০.০২৩.৯৯.০০২.২২ (অংশ-১).৪৬৪ তারিখ: ২৫ ভাদ্র ১৪৩১/০৯ সেপ্টেম্বর ২০২৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৪-২০২৫ অর্থবছরের সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় প্রতিবন্ধী ভাতা কর্মসূচিতে উপকারভোগীর সংখ্যা ৩.৩৪ লক্ষ জন বৃদ্ধি করে ২৯ লক্ষ জন থেকে ৩২.৩৪ লক্ষ জনে উন্নীত করা হয়েছে ও জনপ্রতি মাসিক ভাতার হার ৮৫০.০০ টাকা অপরিবর্তিত রাখা হয়েছে। বিদ্যমান নীতিমালা অনুযায়ী ভাতা পাওয়ার উপযুক্ত ব্যক্তির নিকট হতে সমাজসেবা অধিদপ্তরের web based management information system (MIS) এর মাধ্যমে Disability information system (DIS) ডাটবেইজ এ সংরক্ষিত তথ্য যাচাইপূর্বক শুধুমাত্র অনলাইনে আবেদন গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়েছে।

২। ১৫-১০-২০২৪ তারিখ হতে ১৪-১১-২০২৪ খ্রি: তারিখ পর্যন্ত mis.bhata.gov.bd/onlineApplication লিংকে অনলাইনে ভাতার আবেদন গ্রহণ করা হবে। ভাতার আবেদন গ্রহণের পূর্বে এ বিষয়ে নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় প্রচার প্রচারণার ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রতিবন্ধী ভাতার ক্ষেত্রে অবশ্যই সুবর্ণ নাগরিক কার্ড থাকতে হবে। আবেদনকারী অন্য কোনো সরকারি সুবিধা নিয়মিত পেয়ে থাকলে তিনি এই সুবিধার জন্য বিবেচিত হবেন না। অন্য কোনো সরকারি সুবিধা নিয়মিত গ্রহণ করছে প্রমাণিত হলে আবেদন বাতিল করা হবে।

৩। অনলাইন আবেদনে নগদ/বিকাশ ইউনিটের আওতাধীন আবেদনকারীদের অবশ্যই সক্রিয় নগদ/বিকাশ হিসাব নম্বর (মোবাইল নম্বর) প্রদান করতে হবে। এজেন্ট ব্যাকিং এর আওতাধীন আবেদনকারীদের সাথে যোগাযোগের জন্য সক্রিয় মোবাইল নম্বর প্রদান করতে হবে এবং চূড়ান্তভাবে নির্বাচিত উপকারভোগীদের হিসাব পূর্বের ন্যায় কেন্দ্রীয়ভাবে খোলা হবে।

৪। পূর্বের অনলাইন আবেদন (অপেক্ষমান তালিকা যদি থাকে) উপকারভোগীদের পুনরায় অনলাইন আবেদন করার প্রয়োজন নেই।

৫। অনলাইনে প্রাপ্ত আবেদন পূর্বের অনলাইনে আবেদন তালিকার (অপেক্ষমান তালিকা যদি থাকে) ভিত্তিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে প্রাপ্যতা অনুযায়ী বরাদ্দ প্রদান করা হবে। চূড়ান্তভাবে নির্বাচিত উপকারভোগণ ০১ জুলাই ২০২৪ খ্রি: তারিখ হতে ভাতা প্রাপ্য হবেন। বিদ্যমান নীতিমালা অনুযায়ী (অপেক্ষমান তালিকা প্রস্তুতসহ) কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।

৬। এমতাবস্থায়, তাঁর আওতাধীন সংশ্লিষ্ট ইউনিট অফিসসমূহকে উপরোক্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। যে কোন প্রয়োজনে সামাজিক নিরাপত্তা অধিশাখার টেকনিক্যাল টিম ও সংশ্লিষ্ট শাখার সাথে যোগাযোগ করা যেতে পারে।

০৬.১০.২০২৪

মোঃ মোশাররফ হোসেন
পরিচালক
সামাজিক নিরাপত্তা
সমাজসেবা অধিদফতর, ঢাকা।
☎০২-৪৪৮২৬৮০১

বিভাগীয় পরিচালক (সকল)
বিভাগীয় সমাজসেবা কার্যালয়
.....................................।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১. মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আঁগারগাও, ঢাকা।
২. চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম জেলা, খাগড়াছড়ি/রাঙামাটি/বান্দরবন।
৩. জেলা প্রশাসক (সকল)..............................।
৪. মাননীয় উপদেষ্টা মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল)।
৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. উপপরিচালক (সকল), জেলা সমাজসেবা কার্যালয়।
৮. উপজেলা নির্বাহী অফিসার (সকল)...........................।
৯. উপজেলা সমাজসেবা অফিসার (সকল), উপজেলা সমাজসেবা কার্যালয়..........................।
১০ সমাজসেবা অফিসার (সকল), শহর সমাজসেবা কার্যালয়...........................।